

8 ডিসেম্বর-এর মধ্যে মিডল্ স্কুলে ভর্তির আবেদন করুন (এবং যেকোনো অডিশন জমা দিন)!

প্রিয় পরিবারবর্গ,

মিডল স্কুলে ভর্তির জন্য **শুক্রবার, 8 ডিসেম্বর, 2023** তারিখের মধ্যে আবেদনের বিষয়টি আন্তরিকভাবে স্মরণ করিয়ে দিচ্ছি। আপনার সন্তানের আবেদন শেষ তারিখের মধ্যে জমা দেয়া হচ্ছে, আপনার পছন্দের একটি প্রোগ্রাম থেকে অফার পাবার সেরা সুযোগ!

- **ইতোমধ্যে আবেদন করেছেন?** চমৎকার—আপনার জন্য সব ঠিক আছে।
- **এখনও আবেদন করেননি?** এমনকি 2024-এর ফল-এ (হেমন্তে) আপনার পরিকল্পনা সম্পর্কে আপনি যদি নিশ্চিত নাও হয়ে থাকেন, এখন আবেদন করায় কোনো ক্ষতি নেই।

কীভাবে আবেদন করতে হবে

1. আপনার সন্তানের মিডল্ স্কুলের অপশনগুলো অন্বেষণ করতে আপনার [MySchools.nyc](https://www.myschools.nyc.gov) অ্যাকাউন্টে লগ ইন করুন।
2. আপনার সন্তানের আবেদনপত্রে সর্বোচ্চ 12-টি পছন্দের প্রোগ্রাম যোগ করুন। আপনার সর্বাধিক পছন্দের প্রোগ্রামটিকে #1-এ রেখে, আপনার প্রকৃত পছন্দের অগ্রাধিকারের ধারাক্রমে সাজান। এরচেয়ে ভালো কোনো কৌশল নেই।
3. নিচে প্রদত্ত উপায়গুলোর যেকোনো একটির মাধ্যমে আবেদন করুন:
 - **অনলাইনে [MySchools.nyc](https://www.myschools.nyc.gov)** (মাইস্কুলস্) —সুপারিশকৃত!
 - আপনার সন্তানের বর্তমান স্কুল কাউন্সিলারের মাধ্যমে (পাবলিক DOE অথবা চার্টার স্কুলের পরিবারদের জন্য)
 - কোনো **ফ্যামিলি ওয়েলকাম সেন্টার**-এ (প্রাইভেট অথবা প্যারোকিয়াল বা ধর্মীয় স্কুলের পরিবারদের জন্য)

অডিশন প্রোগ্রামসমূহের প্রতি আগ্রহী?

কিছু কিছু আর্টস্ প্রোগ্রামের জন্য আবেদনকারীদেরকে 8 ডিসেম্বর-এর আগে একটি ভার্চুয়াল অডিশন জমা দেয়া আবশ্যিক। আগ্রহী শিক্ষার্থীরা অডিশন ফাইল সরাসরি অনলাইনে তাদের মাইস্কুলস্ অ্যাকাউন্টের মাধ্যমে জমা দিতে পারে। সুনির্দিষ্ট প্রোগ্রামগুলোর জন্য কীভাবে অডিশন প্রস্তুত করতে হয়, তা জানতে schools.nyc.gov/MSAuditions দেখুন।

আরও জানুন

- schools.nyc.gov/MS দেখুন
- কীভাবে **একটি মাইস্কুলস্ অ্যাকাউন্ট তৈরি করতে হয়** এবং **মিডল স্কুলে ভর্তির আবেদন করতে হয়** সেবিষয়ে টিউটোরিয়ালসমূহ দেখুন
- **প্রশ্ন আছে কি?** আপনার সন্তানের স্কুল কাউন্সিলারের সাথে কথা বলুন, একটি **ফ্যামিলি ওয়েলকাম সেন্টার** থেকে সহায়তা নিন অথবা 718-935-2009 নম্বরে ফোন করুন

শুভেচ্ছান্তে,

মিডল্ স্কুল অ্যাডমিশনস্ টিম

অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট

এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? schools.nyc.gov/SignUp ওয়েবসাইটে আমাদের মিডল্ স্কুলে ভর্তিতে আগ্রহীদের মেইলিং লিস্টে (ডাক তালিকায়) নাম লেখাতে (বা সাইন আপ করতে) ভুলবেন না। মিডল্ স্কুলে ভর্তি সংক্রান্ত বিষয়ে ভবিষ্যতে কোনও বার্তা না পেতে চাইলে, তথা আনসাবস্ক্রাইব করতে, অনুগ্রহ করে [এখানে](#) ক্লিক করুন।